**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**চিকিৎসা শিক্ষা-১ শাখা**
**www.mefwd.gov.bd**

নং-৫৯.০০.০০০০.১৪০.২২.০০৭.২১.২০১

তারিখ: ০২ চৈত্র ১৪২৮ / ১৬ মার্চ ২০২২

**বিষয়: সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজে বিদেশি শিক্ষার্থী ভর্তির আবেদন অনলাইনে গ্রহণ সংক্রান্ত উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন**

মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালার বিধান অনুযায়ী সার্ক/নন-সার্ক কোটায় প্রতিবছর বাংলাদেশের বিভিন্ন সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ২২২টি আসনে বিদেশি শিক্ষার্থী ভর্তির সুযোগ দেয়া হয়ে থাকে। এছাড়া বাংলাদেশের বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজের মোট আসনের ৪৫% আসনে বিদেশি শিক্ষার্থীরা ভর্তির সুযোগ পেয়ে থাকে। এসকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজে বিদেশি শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিভিন্ন অনিয়ম বন্ধের লক্ষ্যে বিদেশি শিক্ষার্থী ভর্তির আবেদন ম্যানুয়াল পদ্ধতির পাশাপাশি অনলাইনে গ্রহণের লক্ষ্যে একটি উদ্ভাবনী ধারণা প্রবর্তন ও প্রচলন করা হয়েছে।

০২। **সমস্যার ধরণ:** 'মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২০' অনুযায়ী সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজে ভর্তিচ্ছু বিদেশি শিক্ষার্থীদের নিকট হতে ভর্তির আবেদনের ম্যানুয়াল পদ্ধতিতে গ্রহণ করা হতো। বর্ণিত নীতিমালার বিধান অনুযায়ী ভর্তিচ্ছু বিদেশি শিক্ষার্থীর ভর্তির আবেদন সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণের পর পরাষ্ট্র মন্ত্রণালয় আবেদনসমূহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর শিক্ষার্থীদের মার্কস সমতাকরণ সম্পন্ন করার পর যোগ্য (Eligible) শিক্ষার্থীগণ বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পেয়ে থাকেন। এ প্রক্রিয়ায় শিক্ষার্থীদের ভর্তির আবেদন দাখিলের ক্ষেত্রে সরকার নির্ধারিত সময়সীমা প্রতিপালনে ব্যত্যয়, মার্কস সমতাকরণ ব্যতীত বেসরকারি মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তি এবং অনৈতিক তদ্‌বিরসহ বিভিন্ন ধরনের অনিয়মের উদ্ভব ঘটতো।

০৩। **উদ্ভাবনী ধারণা:** স্বচ্ছ প্রক্রিয়ায় বিদেশি শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের সহযোগিতায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ একটি উদ্ভাবনী ধারনা বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করে। এ লক্ষ্যে 'মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২০' সংশোধন করে 'মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২২' প্রণয়নপূর্বক বিদেশি শিক্ষার্থীদের আবেদন গ্রহণের জন্য নিম্নোক্ত বিধান অন্তর্ভুক্ত করা হয় (সংযুক্ত):

> "১০.২ সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য বিদেশি শিক্ষার্থীরা বাংলাদেশ সরকার কর্তৃক ভর্তির বিজ্ঞপ্তি জারির পর স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত অনলাইন প্লাটফর্মে আবেদন করিবে। অতঃপর অনলাইন আবেদনের একটি প্রিন্টেড কপি এবং নিজ নিজ দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক এসএসসি ও এইচএসসি বা সমমানের সনদপত্র ও নম্বরপত্রের প্রত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট সকল কাগজপত্র সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে অথবা বাংলাদেশে অবস্থিত ঐ দেশের দূতাবাসের মাধ্যমে অথবা বাংলাদেশের জন্য নির্ধারিত ঐ দেশের দূতাবাসের মাধ্যমে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদনপত্র প্রেরণ করিবে। পররাষ্ট্র মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনসমূহের তালিকা প্রস্তুত করিয়া আবেদনগুলো স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে এবং একটি তালিকা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করিবে।"

০৪। সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজে বিদেশি শিক্ষার্থীদের ভর্তির আবেদন হার্ড কপির পাশাপাশি অনলাইনে গ্রহণের লক্ষ্যে 'www.dgme.gov.bd' পোর্টালে একটি অনলাইন প্লাটফর্ম প্রস্তুত করা হয়েছে। উক্ত প্লাটফর্মের মাধ্যমে বিদেশি শিক্ষার্থীদেরকে সরকার নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির আবেদন অনলাইনে দাখিল করে তার প্রিন্টেড কপিসহ হার্ড কপি দাখিল করতে হবে। ২০২১-২২ শিক্ষাবর্ষের বিদেশি শিক্ষার্থী ভর্তির সার্কুলারে অনলাইনে আবেদন দাখিলের বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়েছে (সংযুক্ত)।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৪। **কাঙ্খিত ফলাফল:** বিদেশি শিক্ষার্থীদের ভর্তির আবেদন হার্ড কপির পাশাপাশি অনলাইনে গ্রহণের সুযোগ সৃষ্টি হওয়ায় সরকার নির্ধারিত সময়সীমার মধ্যে শিক্ষার্থীদের আবেদন গ্রহণ নিশ্চিত করা সম্ভব হবে। অনলাইনে এন্ট্রি/আবেদন না করে কোনো শিক্ষার্থী মার্কস সমতাকরণ ব্যতীত সরাসরি কোনো বেসরকারি মেডিকেল কলেজে ভর্তি হতে পারবে না বিধায় দালালচক্রের অপতৎপরতা বন্ধ করা সম্ভব হবে। ভর্তির আবেদন প্রেরণ ব্যতীত বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের কথিত ডি.ও. লেটারসহ সরকারি মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তির অনৈতিক তদ্‌বিরের বিদ্যমান প্রবণতা রোধ করা সম্ভব হবে।

০৫। এমতাবস্থায়, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজে বিদেশি শিক্ষার্থী ভর্তির আবেদন অনলাইনে গ্রহণ সংক্রান্ত উদ্ভাবনী ধারণা ২০২১-২২ শিক্ষাবর্ষ হতে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা বর্ণনামতে

১৬/০৩/২০২২

(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব
ফোন নং-৫৫১০০৭৩০
e-mail: me1@mefwd.gov.bd

০১. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা [দৃ: আ: পরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ অনুবিভাগ)]
০২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা

নং-৫৯.০০.০০০০.১৪০.২২.০০৭.২১.২০১

তারিখ: ০২ চৈত্র ১৪২৮ / ১৬ মার্চ ২০২২

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১. অতিরিক্ত সচিব (জনসংখ্যা ও পঃ কঃ ও আইন অনুবিভাগ) ও চীফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০২. পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৩. অধ্যক্ষ,............................... সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ (সকল)
০৪. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৫. সভাপতি, বেসরকারি মেডিকেল কলেজ এসোসিয়েশন, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৭. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

১৬/০৩/২০২২

(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব

Government of the People's Republic of Bangladesh
Directorate General of Medical Education
Mohakhali, Dhaka-1212, Bangladesh.
www.dgme.gov.bd

No.: 59.14.0000.103.33.001.22.108 Date: 28 February, 2022

## MBBS/BDS Admission Circular for Foreign Students (Session 2021-2022)

01. Please be informed that the Directorate General of Medical Education of the Ministry of Health and Family Welfare of Bangladesh has announced admission of foreign students in Government Medical and Dental Colleges for the academic year 2021-2022. This year total 221 seats are reserved for the foreign students, of which 117 seats are allocated for SAARC countries, 99 seats are allocated for Non-SAARC countries and 5 seats are reserved in non-SAARC quota under Bangladesh Government's scholarship porgramme. Country-wise allocation of seats is as follows:

| **Seat reserved for SAARC Countries in Government Medical Colleges/Dental Colleges/Dental Units** | | | |
|---|---|---|---|
| **Sl. No.** | **Country** | **MBBS** | **BDS** |
| 1. | India | 22 | 02 |
| 2. | Pakistan | 21 | 02 |
| 3. | Nepal | 19 | 03 |
| 4. | Sri Lanka | 13 | 02 |
| 5. | Bhutan | 20 | 02 |
| 6. | Maldives | 06 | 01 |
| 7. | Afghanistan | 03 | 01 |
| | Total | 104 | 13 |

| **Seat reserved for Non-SAARC Countries in Government Medical Colleges/Dental Colleges/Dental Units** | | | |
|---|---|---|---|
| **Sl. No.** | **Country** | **MBBS** | **BDS** |
| 1. | Myanmar (*Under scholarship like SAARC countries)* | 05 | 02 |
| 2. | Palestine (*Under scholarship like SAARC countries)* | 18 | 03 |
| 3. | Other all countries of the World | 49 | 22 |
| | Total | 72 | 27 |

*N:B: As per memorandum No. 59.00.000.140.18.019.21.400, Date: 19 August 2021 of the Department of Medical Education and Family Welfare Division,* ***5 seats are reserved in non-SAARC quota.***

02. In addition to admission in Government Medical/Dental Colleges, the Ministry of Health and Family Welfare will consider application of foreign students for admission in Private Medical/Dental Colleges in Bangladesh. List of Government and Private Medical & Dental Colleges and availability of seats as received from the Directorate General to Medical Education are enclosed at Annexure 'A' and 'B' respectively.
03. Criteria and procedure of application for foreign students in the said courses are enclosed at Annexure 'C' a prescribed application form is also attached at annexure 'D' (application from is also available at: www.mofa.gov.bd).
04. Interested candidates have to submit an online application through www.dgme.gov.bd platform. Deadline of submission of online application is 3rdApril 2022 for both Government and Private Medical Colleges/Dental Colleges/Dental Units. No application will be considered after the deadline.
05. After submitting online application through online platform, candidates have to collect a system generated printed copy of the application form. Candidates have to submit system generated printed copy of application form (03 sets) along with hard copy of application form(annexure D), recent Passport Size Photograph (a copy with each sets), photocopy of Passport (a copy with each sets), all academic documents (a copy with each sets)and original copy of Telegraphic Transfer (T.T)/SWIFT Message Copy of USD 70 $ (Seventy US Dollar) in their country's respective Bangladesh Mission. Hard copy of application form with fee must be submitted by 4thApril 2022. All academic documents & relevant papers must be attested by Ministry of Foreign affair of the candidate's own country.
06. Applicants must have aggregate **GPA 8.0** (Eight) for Government Medical/Dental Colleges/Dental Units and **GPA 7.0** (Seven) for Private Medical/Dental Colleges/Dental Units.
07. Detailed information of application procedure (including online application) and its deadline will be found in following websites: **www.dgme.gov.bd** / **www.dghs.gov.bd** / **www.mefwd.gov.bd**

Enclosure: As stated [6 pages]

No.: 59.14.0000.103.33.001.22.108

Date: 28th February 2022

Copy for kind information and necessary actions (not according to seniority):

1. Foreign Secretary (Senior Secretary), Ministry of Foreign Affairs, Segun Bagicha, Dhaka [(Attention: Director (International Organizations)]: **With request to kindly circulate the advertisement through all Bangladesh Missions.**
2. Secretary, Medical Education and Family Welfare Division, Bangladesh Secretariat, Dhaka, Bangladesh [Attention: Additional Secretary (Medical Education)]
3. Director General, Directorate General of Health Services, Mohakhali, Dhaka, Bangladesh
4. Director General, Directorate General of Medical Education, Mohakhali, Dhaka, Bangladesh
5. Principal, ........................ Government/Private Medical/Dental College (All)
7. Principal, ........................ Dental Unit of Government/Private Medical College (All)
5. Personal Secretary to Minister, Ministry of Health and Family Welfare, Bangladesh Secretariat, Dhaka, Bangladesh
6. President, Bangladesh Private Medical College Association, Dhaka, Bangladesh

28/02/2022.

**Professor Dr. A.K.M Ahsan Habib**
Director (Medical Education)
Directorate General of Medical Education
Mohakhali, Dhaka-1212, Bangladesh
Tel: +88-02-48811200
E-mail: medicaledu313@gmail.com

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
Bangladesh Medical & Dental Council
203, Shaheed Syed Nazrul Islam Sarani (86, Bijoynagar), Dhaka-1000
Telephone : 9555538, 9586727, 9565668, 9565686, 9565685, Fax : 880-2-9555236
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

# মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২২

## ১.০ সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:

১.১ এই নীতিমালা '**মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২২**' নামে অভিহিত হইবে।

১.২ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) কর্তৃক প্রণীত ও অনুমোদিত এই নীতিমালা বাংলাদেশের সকল সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ২০২১-২০২২ শিক্ষাবর্ষ হইতে এমবিবিএস/ বিডিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে কার্যকরী হইবে।

## ২.০ প্রার্থীর যোগ্যতা:

২.১ আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে। কেবল সরকার কর্তৃক বিদেশিদের সংরক্ষিত আসনের জন্য বিদেশি ছাত্র/ছাত্রীগণ আবেদন করিতে পারিবেন।

২.২ বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য বিজ্ঞান বিভাগসহ এসএসসি ও এইচএসসি বা সমমান দুইটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৯.০০ পয়েন্ট হইতে হইবে।

২.৩ পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষা দুইটিতে মোট জিপিএ কমপক্ষে ৮.০০ পয়েন্ট হইতে হইবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.৫০ পয়ন্ট এর কম গ্রহণযোগ্য নহে।

২.৪ এসএসসি এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় অবশ্যই Physics, Chemistry ও Biology থাকিতে হইবে এবং জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৩.৫০ পয়েন্ট থাকিতে হইবে।

২.৫ যেই শিক্ষাবর্ষের জন্য মেডিকেল/ ডেন্টাল কলেজ ডেন্টাল ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই শিক্ষাবর্ষে বা তৎপূর্ববর্তী শিক্ষাবর্ষে প্রার্থীকে এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ করিতে হইবে। সংশ্লিষ্ট আবেদনকারীকে তাহার এইচএসসি/সমমান পরীক্ষায় পাশের পূর্ববর্তী ০৩ (তিন) শিক্ষাবর্ষের মধ্যে এসএসসি/সমমান পরীক্ষায় পাশ হইতে হইবে।

২.৬ 'ও' লেভেল এর জন্য ০৩ (তিন) টি বিষয় Physics, Chemistry ও Biology থাকিতে হইবে এবং সর্বোচ্চ নম্বর প্রাপ্ত পাঁচ বিষয় এবং অতিরিক্ত বিষয়ে GPA ২.০০ পয়েন্ট এর অতিরিক্ত প্রাপ্ত নম্বর যোগ করিয়া GPA নির্ধারণ করা হইবে। তবে সর্বোচ্চ জিপিএ ৫.০০ পয়েন্ট এর বেশি হইবে না। 'এ' লেভেল এর জন্য ০৩ (তিন) টি বিষয় Physics, Chemistry, Biology থাকিতে হইবে। কিন্তু জিপিএ নির্ধারণের জন্য সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত যেই কোনো ০৩ (তিন) টি বিষয় বিবেচনায় আনা হইবে। অতিরিক্ত বিষয়ে জিপিএ ২.০০ এর অতিরিক্ত প্রাপ্ত নম্বর যোগ করিয়া GPA নির্ধারণ করা হইবে। তবে সর্বোচ্চ জিপিএ ৫.০০ পয়েন্ট এর বেশি হইবে না। উক্তরূপে নির্ধারিত GPA সনদপত্র সরকারি বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজে ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

## ৩.০ ভর্তির জন্য প্রার্থী নির্বাচন প্রক্রিয়া:

৩.১ এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ২০০ নম্বর হিসাবে নির্ধারণ করা হইবে। এসএসসি ও এইচএসসি-তে প্রাপ্ত জিপিএ এবং ভর্তির জন্য লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করিয়া প্রার্থী নির্বাচন করা হইবে। কোনো শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় এইচএসসি পরীক্ষায় সদ্য উত্তীর্ণদের সর্বমোট (Aggregated) নম্বর (এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুণ + এইচএসসি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুণ + ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর) এর ভিত্তিতে মেধা তালিকা তৈরি করা হইবে। তবে পূর্ববর্তী বৎসরের এইচএসসিপাশ প্রার্থীদের ক্ষেত্রে মোট নম্বর থেকে ৫ নম্বর এবং পূর্ববর্তী বৎসরের সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে মোট নম্বর থেকে ৭.৫ (সাত দশমিক পাঁচ) নম্বর কর্তন করিয়া মেধা তালিকা তৈরি করা হইবে।

৩.২ সরকারি ও বেসরকারি সকল মেডিকেল কলেজের জন্য একই সঙ্গে একই প্রশ্নপত্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। মেডিকেল কলেজে ভর্তির পরীক্ষার পর সরকারি ও বেসরকারি সকল ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের জন্য একই সঙ্গে অভিন্ন প্রশ্নপত্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। ইংরেজি মাধ্যমে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের জন্য ইংরেজিতে প্রশ্নপত্র প্রণয়ন করিতে হইবে।

৩.৩ লিখিত ভর্তি পরীক্ষা ১০০ টি প্রশ্নের প্রতিটি ১ নম্বর করিয়া মোট (এইচএসসি বা সমমান সিলেবাস অনুযায়ী) ১০০ (একশত) নম্বরের বিষয় ভিত্তিক বিভাজন পদার্থবিদ্যা-২০, রসায়নবিদ্যা-২৫, জীববিজ্ঞান-৩০, ইংরেজি-১৫ ও সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ)-১০ অনুযায়ী অনুষ্ঠিত হইবে।

৩.৪ লিখিত পরীক্ষার প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হইবে।

৩.৫ লিখিত পরীক্ষায় ৪০ নম্বর এর কম প্রাপ্তরা অকৃতকার্য বিবেচিত হইবে।

**৪.০ মেধা তালিকা ও প্রার্থী নির্বাচন:**

৪.১ অনুচ্ছেদ ৩.১ অনুযায়ী শুধুমাত্র ভর্তি (লিখিত) পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীদের জাতীয় মেধা তালিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখসহ) প্রকাশ করা হইবে।

৪.২ সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য মুক্তিযোদ্ধা, উপজাতি ও পার্বত্য অঞ্চলের অ-উপজাতীয়দের জন্য নির্ধারিত আসন বাদে অবশিষ্ট আসনে জাতীয় মেধায় ৮০% এবং জেলা কোটায় (সংশ্লিষ্ট জেলার প্রার্থীদের মেধানুসারে) ২০% প্রার্থী নিবাচন করা হইবে।

৪.৩ জাতীয় মেধা তলিকা প্রকাশের পরপরই বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য একটি সিডিউল প্রকাশ করিতে হইবে। স্ব-স্ব বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ উক্ত সিডিউল অনুযায়ী একাধিক জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ভর্তির জন্য ব্যাপক প্রচারণা গ্রহণ করিবে। এ ক্ষেত্রে ভর্তি ফরমের মূল্য হিসেবে সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা গ্রহণ করিতে পারিবে।

৪.৪ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজসমূহে প্রাপ্ত আবেদনকারীদের জাতীয় মেধা তালিকার ক্রম অনুযায়ী বিন্যাস করিয়া একটি মেধা তালিকা প্রকাশ করিবে। এ তালিকা হইতে ভর্তির জন্য সিডিউল প্রস্তুত করিবে। এ তালিকা ও সিডিউল সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইট, জাতীয় দৈনিক পত্রিকা ও দৃশ্যমান স্থানে প্রকাশ করিবে। প্রকাশের দিন থেকে ন্যূনতম ৫ (পাঁচ) কর্মদিবসের জন্য উন্মুক্ত থাকিবে। পরবর্তীতে শূন্য আসনে একইভাবে ন্যূনতম তিন কর্ম দিবসের জন্য ভর্তি কার্যক্রম উন্মুক্ত থাকিবে। কোন ক্রমেই মেধাক্রমের ব্যতিক্রম করা যাইবে না।

৪.৫ কলেজ কর্তৃপক্ষ সিডিউল অনুযায়ী ভর্তির অগ্রগতি তালিকাসহ পরিচালক (চিশি), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-কে দফায় দফায় তাৎক্ষণিকভাবে অবহিত করিবেন।

**৫.০ সার্টিফিকেটসমূহ নিরীক্ষণ:**

৫.১ ভর্তির পর কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষার সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড দ্বারা সত্যতা যাচাই করিবেন। অনুচ্ছেদ ১০ এর কার্যক্রম প্রক্রিয়াধীন অবস্থায় সত্যতা যাচাই করা না হইয়া থাকিলে বিদেশি ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে পরীক্ষার সনদপত্র এবং নম্বরপত্রসমূহ পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করিয়া যাচাই এর ব্যবস্থা কলেজ কর্তৃপক্ষকে গ্রহণ করিতে হইবে।

৫.২ কলেজ কর্তৃপক্ষ যাচাই- প্রতিবেদন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে আবশ্যিকভাবে প্রেরণ করিবে।

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
**Bangladesh Medical & Dental Council**
203, Shaheed Syed Nazrul Islam Sarani (86, Bijoynagar), Dhaka-1000
Telephone : 9555538, 9586727, 9565668, 9565686, 9565685, Fax : 880-2-9555236
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

**৬.০ মাইগ্রেশন বা কলেজ বদলি:**

৬.১ ভর্তির জন্য নির্ধারিত তারিখ শেষে শূন্য আসনসমূহের বিপরীতে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের আবেদন, মেধাস্থান ও কলেজ পছন্দ অনুযায়ী কলেজ পরিবর্তনের (অটোমাইগ্রেশন) সুযোগ দেওয়া হইবে। মাইগ্রেশন শেষে প্রাপ্ত শূন্য আসনসমূহ অপেক্ষমাণ তালিকা হইতে মেধাক্রম অনুসারে পূরণ করা হইবে।

**৭.০ কারিকুলাম ও ইন্টার্নশীপ:**

এমবিবিএস/বিডিএস কোর্সের ছাত্র/ছাত্রীদেরকে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত চলতি কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম সম্পাদন করিতে হইবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল/ডেন্টাল কলেজ হাসপাতালে এক বছর ইন্টার্নশীপ সকলের জন্য বাধ্যতামূলক।

**৮.০ ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, ফলাফল চূড়ান্তকরণ ও প্রকাশ এবং মাইগ্রেশন কার্যক্রমের দায়িত্ব:**

নীতিমালা অনুযায়ী ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, ফলাফল চূড়ান্তকরণ ও প্রকাশ এবং অনুচ্ছেদ ৬.১ এ বর্ণিত মাইগ্রেশন কার্যক্রমের দায়িত্ব স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের উপর ন্যস্ত থাকিবে।

**৯.০ সংরক্ষিত আসন ও এ আসনের জন্য প্রযোজ্য সনদপত্র:**

৯.১ মুক্তিযোদ্ধা সন্তান এবং সন্তানদের সন্তানাদির জন্য মোট আসনের ২% আসন সংরক্ষিত থাকিবে।

৯.২ এ ছাড়া পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ উপজাতীয় এবং তিনটি পার্বত্য জেলার অ-উপজাতীয় কোটাভুক্ত আসনের জন্য (৯+৩)=১২ (বার) টি, এবং পার্বত্য জেলা ছাড়া অন্যান্য জেলার পশ্চাদপদ জনগোষ্ঠী (উপজাতীয় প্রার্থীদের জন্য ০৮ (আট) টিসহ সর্বমোট ২০ (বিশ) টি আসন সরকারি মেডিকেল কলেজের জন্য সংরক্ষিত থাকিবে। পার্বত্য জেলার ১২ টি আসনের মধ্যে রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার প্রতিটি হতে ০৩ (তিন) টি পশ্চাদপদ জনগোষ্ঠী (উপজাতীয়) এবং ০১ (এক) টি অ-উপজাতীয় প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকিবে। সরকারি ডেন্টাল কলেজের জন্য ০৫ টি আসন উপজাতীয়দের জন্য সংরক্ষিত থাকিবে। এই আসনের মধ্যে পার্বত্য ০৩ টি জেলার জন্য ০৩টি এবং পার্বত্য জেলার বাহিরে অন্যান্য উপজাতীয়দের জন্য ০২টি আসন সংরক্ষিত থাকিবে। এতদ্ব্যতিত রাঙ্গামাটি মেডিকেল কলেজের ৫০ (পঞ্চাশ) আসনের মধ্যে ২৫% অর্থাৎ ১৩টি আসন নিম্নোক্তভাবে বন্টন হইবে: (১) রাঙ্গামাটি পার্বত্য জেলা = ০৪ জন (বাঙালি-০১ জন, চাকমা ও তনচৈংগা -০২ জন, ত্রিপুরা, মারমা, খেয়াং, লুসাই, পাংখোয়া-০১ জন) (২) খাগড়াছড়ি পার্বত্য জেলা = ০৪ জন (বাঙালি-০১ জন, চাকমা-০১ জন, মারমা-০১ জন, ত্রিপুরা-০১ জন)। (৩) বান্দরবান পার্বত্য জেলাঃ ০৫ জন। (বাঙালি -০১ জন, মারমা-০১ জন, চাকমা ও তনচৈংগা-০১ জন, ম্রো (মুরং), ত্রিপুরা-০১ জন, বোম, লুসাই, পাংখোয়া, খুমী, খিয়াং, চাক-০১ জন)। সংরক্ষিত আসনে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে বর্ণিত জেলা হইতে মেধার ভিত্তিতে উক্ত আসন পূরণ করা হইবে।

৯.৩ বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিট এর ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের সন্তান এবং সন্তানদের সন্তানাদির জন্য সংরক্ষিত ২% আসন স্ব-স্ব কলেজ/ইউনিট এর জন্য অনুমোদিত আসনের মধ্যে সীমিত থাকিবে।

৯.৪ পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসকের সনদ এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও জেলা প্রশাসকের সনদ দাখিল করিতে হইবে।

৯.৫ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে প্রার্থীকে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের প্রমাণস্বরূপ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী স্বাক্ষরিত সনদ বা ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরিত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখঃ ১৮/১০/২০২০খ্রিঃ মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বীকৃত তালিকা/গেজেট নম্বর অনলাইন আবেদনে দাখিল করতে হইবে।

৯.৬ বেসরকারি মেডিকেল/ ডেন্টাল কলেজ ডেন্টাল ইউনিটসমূহের জন্য ৫% আসন অসচ্ছল মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকিবে। কোনো বেসরকারি মেডিকেল কলেজ কর্তৃপক্ষ এই আসনের ছাত্র/ছাত্রীদের জন্য সরকারি মেডিকেল কলেজের ক্ষেত্রে প্রযোজ্য বেতন ভাতাদি ও সেশন চার্জের অতিরিক্ত কোনো প্রকার ফি গ্রহণ করিতে পারিবে না। দেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির জন্য সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ফি প্রযোজ্য হইবে। বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস/বিডিএস কোর্সের ভর্তিসহ যাবতীয় ফি ব্যাংকের মাধ্যমে লেনদেন করিতে হইবে।

৯.৭ অসচ্ছল মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত আসনের বাছাই প্রক্রিয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চিকিৎসা শিক্ষা-১ শাখা থেকে প্রকাশিত ২৩/১২/২০১২ খ্রিঃ তারিখের স্মারক নং-স্বাপকম/চিশিজ/গমেছাঃ/বেসমকভর্তি-০২/২০১২ /৮৬৮ অনুযায়ী Short List তৈরি করিয়া স্ব-স্ব কলেজের গভর্ণিং বডির মাধ্যমে সম্পন্ন করিতে হইবে।

**১০.০ বিদেশি ছাত্র/ছাত্রীদের আবেদন পদ্ধতি:**

১০.১ দেশি-বিদেশি ছাত্র/ ছাত্রীদের শিক্ষা কার্যক্রম একই সাথে শুরুর স্বার্থে বিদেশি ছাত্র/ ছাত্রীদের ভর্তি বিজ্ঞপ্তি দেশীয়দের পূর্বেই জারি হইতে হইবে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ থেকে প্রেরিত বিদেশি ছাত্র/ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি পররাষ্ট্র মন্ত্রণালয় প্রকাশ করিবে এবং ব্যাপক প্রচারের বিষয়টি নিশ্চিত করিবে।

১০.২ সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য বিদেশি শিক্ষার্থীরা বাংলাদেশ সরকার কর্তৃক ভর্তির বিজ্ঞপ্তি জারির পর স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত অনলাইন প্লাটফর্মে আবেদন করিবে। অতঃপর অনলাইন আবেদনের একটি প্রিন্টেড কপি এবং নিজ নিজ দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক এসএসসি ও এইচএসসি বা সমমানের সনদপত্র ও নম্বরপত্রের প্রত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট সকল কাগজপত্র সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে অথবা বাংলাদেশে অবস্থিত ঐ দেশের দূতাবাসের মাধ্যমে অথবা বাংলাদেশের জন্য নির্ধারিত ঐ দেশের দূতাবাসের মাধ্যমে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদনপত্র প্রেরণ করিবে। পররাষ্ট্র মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনসমূহের তালিকা প্রস্তুত করিয়া আবেদনগুলো স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে এবং একটি তালিকা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করিবে।

১০.৩ সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজের জন্য প্রাপ্ত আবেদনসমূহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর পরীক্ষা-নিরীক্ষা করিয়া শিক্ষাগত যোগ্যতার সমতাকরণসহ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে সার্ক/নন-সার্ক দেশসমূহের জন্য বরাদ্দকৃত কোটা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। বেসরকারি মেডিকেল/ ডেন্টাল কলেজের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ পরীক্ষা নিরীক্ষা করিয়া শিক্ষাগত যোগ্যতার সমতাকরণসহ ভর্তিযোগ্য প্রার্থীদের কাগজপত্র স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট মেডিকেল কলেজে প্রেরণ করিবে এবং একটি তালিকা সংশ্লিষ্ট দূতাবাস ও সামগ্রিক তালিকা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করিবে।

১০.৪ অনলাইনে আবেদন দাখিল ব্যতীত কোনো শিক্ষার্থী ভর্তির যোগ্য বিবেচিত হইবে না।

203, Shaheed Syed Nazrul Islam Sarani (86, Bijoynagar), Dhaka-1000
Telephone : 9555538, 9586727, 9565668, 9565686, 9565685, Fax : 880-2-9555236
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

১০.৫ বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির জন্য সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ফি প্রযোজ্য হইবে।

১০.৬ বিদেশি ছাত্র-ছাত্রী ভর্তিসহ সকল ক্ষেত্রে বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস/বিডিএস কোর্সের যাবতীয় ফি ব্যাংকের মাধ্যমে লেনদেন করিতে হইবে।

১০.৭ বিভিন্ন দেশের সঙ্গে বাংলাদেশের দ্বি-পাক্ষিক সম্পর্ক উন্নয়ন, শিক্ষা ও সাংস্কৃতিক বিনিময় নিশ্চিত করিবার লক্ষ্যে কোনো বাংলাদেশি ছাত্র/ছাত্রী বিদেশি নাগরিকত্ব নিয়ে সরকারি মেডিকেল কলেজে ভর্তির আবেদন করিলে তাহাকে এসএসসি ও এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট দেশের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র দাখিল করিতে হইবে এবং যেই প্রতিষ্ঠান থেকে শিক্ষা সম্পন্ন করিয়াছেন সেই প্রতিষ্ঠানের প্রত্যয়ন/প্রশংসাপত্র দাখিল করিতে হইবে।

১০.৮ কূটনৈতিক কারণে সার্কভুক্ত কোনো দেশের জন্য সংরক্ষিত কোটার শূন্য আসনে অন্য কোনো দেশের ছাত্র/ছাত্রী ভর্তি করা যাইবে না। তবে মন্ত্রণালয় নন-সার্ক কোটার শূন্য আসনে স্থানীয় প্রার্থীদের মেধার ক্রমানুসারে ভর্তির অনুমোদন দিতে পারিবে।

১০.৯ বিদেশি ছাত্র/ছাত্রীদের ভর্তির ক্ষেত্রে সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ ইউনিট এর জন্য জিপিএ ৮.০০ (আট) এবং বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ ইউনিট-এর জন্য জিপিএ ৭.০০ (সাত) নির্ধারণ করিয়া মেধা তালিকা তৈরি করা হইবে।

**১১.০ শাস্তিমূলক ব্যবস্থা:**

কলেজে ভর্তির পূর্বে বা পরে দেশি বা বিদেশি ছাত্র/ছাত্রীর ভর্তি প্রক্রিয়ায় ব্যবহৃত কোনো তথ্য মিথ্যা বা ভুল প্রমাণিত হইলে কর্তৃপক্ষ তাৎক্ষণিক ভাবে তাহার ভর্তি বাতিল করাসহ আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন। কোনো প্রতিষ্ঠানেই অনুমোদিত আসনের অতিরিক্ত কিংবা নীতিমালায় বর্ণিত প্রক্রিয়ার বাইরে দেশি/বিদেশি ছাত্র/ছাত্রী ভর্তি করা যাইবে না; করিলে কর্তৃপক্ষ যথোপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবে।

**১২.০ বিদেশি ছাত্র/ছাত্রীদের আসন সংরক্ষণ:**

১২.১ সরকারি মেডিকেল কলেজসমূহে বিদেশি ছাত্র/ছাত্রীদের জন্য 'সার্ক কোটা'য় ১১৭ টি (এমবিবিএস-১০৪ টি ও বিডিএস ১৩টি) আসন, 'নন-সার্ক কোটা'য় ৯৯ টি (এমবিবিএস-৭২ টি ও বিডিএস- ২৭ টি) এবং 'সংরক্ষিত' ০৫ টিসহ সর্বমোট ২২১ টি আসন সংরক্ষিত থাকিবে।

১২.২ বিদেশি ছাত্র/ছাত্রী ভর্তির যোগ্য বেসরকারি কলেজসমূহে কলেজের মোট আসনের সর্বোচ্চ ৪৫% বিদেশি ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকিবে। বিদেশি ছাত্র/ছাত্রী পাওয়া না গেলে দেশি ছাত্র/ছাত্রী দ্বারা এই আসন পূরণ করা যাইবে। তবে এই ক্ষেত্রে দেশি ছাত্র/ছাত্রীদের ভর্তির ক্ষেত্রে যেই আর্থিক ব্যবস্থাপনা জড়িত তাহাই প্রযোজ্য হইবে। কোনো অবস্থায় বিদেশি ছাত্র-ছাত্রীদের প্রযোজ্য হারে ফি-সমূহ আদায় করা যাইবে না।

**১৩.০ ভর্তি কার্যক্রম পরিচালনা:**

১৩.১ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য বিএমএন্ডডিসির পরার্শক্রমে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা সংক্রান্ত ভর্তি কমিটি, উপদেষ্টা কমিটি ও ওভারসাইট কমিটি গঠনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করিবে। মন্ত্রণালয় উক্ত প্রস্তাবের আলোকে বর্ণিত কমিটি গঠন এবং কমিটির কার্যপরিধি নির্ধারণ করিবে। ভর্তি সংশ্লিষ্ট বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১৩.২ ভর্তির ফরম পূরণের যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করিতে হইবে।

১৩.৩ কোনো শিক্ষার্থী অনলাইন ফরম পূরণের সময় ১ম বার ভুল করিলে ২য় বার পূরণ করার ক্ষেত্রে ১ম ফরমটি বাতিল হইবে। তবে কোনো অবস্থাতেই দুই এর অধিকবার আবেদন দাখিল করা যাইবে না।

# বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
# Bangladesh Medical & Dental Council

203, Shaheed Syed Nazrul Islam Sarani (86, Bijoynagar), Dhaka-1000
Telephone : 9555538, 9586727, 9565668, 9565686, 9565685, Fax : 880-2-9555236
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd


১৪.০ মেডিকেল কলেজের কোডসমূহ ইংরেজি অদ্যাক্ষরের ভিত্তিতে নির্ধারণ করা হইবে।

১৫.০ নীতিমালার কোনো শর্ত ভঙ্গ করিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**১৬.০ রহিতকরণ ও হেফাজত:**

এই নীতিমালা জারি হওয়ার তারিখ হইতে "মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২০" অতঃপর "উক্ত নীতিমালা" বলিয়া উল্লিখিত, বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত নীতিমালার অধীন কৃত কাজ-কর্ম বা গৃহীত ব্যবস্থা এই নীতিমালার অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত নীতিমালার অধীন কোনো কার্য বা ব্যবস্থা অনিষ্পন্ন বা চলমান থাকিলে, উহা উক্ত নীতিমালার বিধান অনুসারে নিষ্পত্তি করিতে হইবে।

**রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)**
**বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল**

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
Bangladesh Medical & Dental Council
203, Shaheed Syed Nazrul Islam Sarani (86, Bijoynagar), Dhaka-1000
Telephone : 9555538, 9586727, 9565668, 9565686, 9565685, Fax : 880-2-9555236
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

স্মারক নং- বিএমএন্ডডিসি/--------- তারিখ:-----------/০২/২০২২ ইং

বরাবর

মাননীয় সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ ঃ-** উপসচিব, চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

**সূত্র ঃ-** স্মারক নং-বিএমএন্ডডিসি/২০৮৩ (১৭-০২-২০২২) এর অনুক্রমে সংযুক্তি প্রেরণ প্রসঙ্গে।

**বিষয় ঃ- মেডিকেল ও ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২২।**

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদীষ্ট হইয়া বিএমএন্ডডিসি প্রণীত "মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২২" এ নিম্নরূপ সংযুক্তি প্রেরণ করা হইল।

**সংযুক্তি হবে ঃ-** "৬.২: অনুচ্ছেদ ৬(১) এ বর্ণিত নিয়ম ব্যতীত অন্য কোনভাবেই সরকারী বা বেসরকারী মেডিকেল কলেজ হইতে অন্য কোন মেডিকেল কালেজে বদলি হওয়া বা করা যাইবে না"।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

স্মারক নং- বিএমএন্ডডিসি/২০৯৭(২) তারিখ:---২২---/০২/২০২২ ইং

**অনুলিপি ঃ- জ্ঞাতার্থে প্রেরণ করা হইল**(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ-

১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, (দৃঃ আঃ- মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর।
৩। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
৫। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

Scanned with CamScanner